



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭, ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০

www.pallisanchaybank.gov.bd

শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ

পসব্য/প্রকা/পরি/শাতপ/০২/২০২৪-২৫/১৩৩

তারিখঃ ১৮-০৯-২০২৪ খ্রীঃ

সকল শাখা ব্যবস্থাপক,
সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
সকল বিভাগীয় মনিটরিং কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক

বিষয়: শাখাসমূহের ২০২৪-২৫ অর্থবছরের কার্যিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের মাননীয় চেয়ারম্যান ড. মোহাম্মদ মহিউদ্দিন মহোদয় এর সভাপতিত্বে এবং ব্যাংকের পরিচালনা বোর্ডের অন্যতম পরিচালক জনাব মাহতাব জাবিন এর উপস্থিতিতে ১৫/০৯/২০২৪ ইং তারিখ হতে অনলাইনে (জুম প্লাটফর্ম) শাখা সমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়ন সংক্রান্ত সভা শুরু হয়েছে এবং যা ত্রৈমাসিক ভিত্তিতে চলমান থাকবে। ইতোমধ্যে অনুষ্ঠিত সভায় পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ মহিউদ্দিন এবং পরিচালক জনাব মাহতাব জাবিন মহোদয় সার্বিক অবস্থা এবং লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

০২. এমতাবস্থায়, সকল শাখা ব্যবস্থাপক, সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগে কর্মরত মনিটরিং কর্মকর্তাগণকে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতির সদস্য বৃদ্ধি করতে হবে। কোন অবস্থাতেই বর্তমানে শাখার সমিতির সদস্য সংখ্যা ৩০/০৬/২০২৪ এর স্থিতি এবং নতুন সদস্য ভর্তির লক্ষ্যমাত্রার মোট যোগফলের তুলনায় কম হওয়া যাবে না।
- সমিতির সদস্য প্রতি মাসিক ২০০ টাকা সঞ্চয় আদায় করতে হবে।
- ব্যাপক হারে খেলাপী হ্রাসের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের শতকরা হার ৫ অথবা তারও নিম্ন পর্যায়ে আনয়ন করতে হবে।

০৩. বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হলো।

(খান ইকবাল হাসান)

উপব্যবস্থাপনা পরিচালক এবং
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

পসব্য/প্রকা/পরি/শাতপ/০২/২০২৪-২৫/

তারিখঃ ১৮-০৯-২০২৪

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস নথি/মহানথি।

(মোঃ সাজ্জাদ হোসেইন তামিম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার